
দৈনিক খবর

তারিখ ... 03 AUG 1988 ...
পৃষ্ঠা ... 1 কলাম 2 ...
বাংলাদেশ শিক্ষা তথ্য ... কেন্দ্র



কলেজের ভর্তির আগে আবারো পরীক্ষা দিতে হবে। ফরম বিতরণ শুরু হয়েছে গতকাল দুপুরে নটরডেম কলেজে তোলা ছবি। ——— খবর

# ফল প্রকাশের পর ভর্তি এক বিড়ম্বনা

।।সাহেদ হোসেন চৌধুরী।।

এসএসসি পরীক্ষার মার্কশীট ছাত্র-ছাত্রীদের হাতে পৌছুতে এখনও অনেক দেরী থাকলেও কলেজে ভর্তি হওয়ার ব্যাপারে দেরী করা হচ্ছে না।

ইতিমধ্যেই নটরডেম কলেজসহ মহানগরীর এবং দেশের বিভিন্ন ভাল কলেজে ভর্তি পরীক্ষার ভর্তি ফরম ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ এবং বিক্রি করা শুরু হয়েছে। ছাত্র-ছাত্রীরাও 'কার আগে কে ভর্তি ফরম সংগ্রহ করবে'-এ রকম প্রতিযোগিতার মধ্যে কলেজগুলোর চত্বরে ভিড় করছে। ছাত্র-ছাত্রীদের পাশাপাশি অভিভাবকদেরও তাদের সন্তানদের কলেজে ভর্তি করার ব্যাপারে দুশ্চিন্তা ও উদ্বেগের শেষ নেই।

গত ২৭শে জুলাই এসএসসি পরীক্ষার রেজাল্ট বেরিয়েছে। কিন্তু গ্রাম এলাকার অনেক ছাত্র-ছাত্রীর হাতে এখনও রেজাল্ট পৌছায়নি।

এদিকে অনেক ছাত্র-ছাত্রীর হাতে পরীক্ষার রেজাল্ট পৌছুলেও মার্কশীট হাতে আসেনি। ছাত্র-ছাত্রীদের কাছে মার্কশীট পৌছুতে আরো অনেক সময়ের প্রয়োজন হবে বলে জানা গেছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট কর্মচারীরা এখন মার্কশীট তৈরী করার কাজে পুরো মাত্রায় ব্যস্ত।

নটরডেম কলেজে গত মঙ্গলবার থেকে ছাত্র-ছাত্রীদের মধ্যে ভর্তি পরীক্ষার ফরম বিক্রি করা শুরু হয়েছে। আগামী ১০ই জুলাই পর্যন্ত এক নাগাড়ে ভর্তি ফরম বিতরণ করা হবে। ঢাকা কলেজসহ দেশের অন্যান্য কলেজ কর্তৃপক্ষও ভর্তি ফরম বিতরণ করার যাবতীয় প্রাথমিক কাজকর্ম সম্পন্ন করে ফেলেছেন। আগামী দু' একদিনের মধ্যেই এ সব কলেজ থেকে ছাত্র-ছাত্রীদের মধ্যে ভর্তি

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## ফল প্রকা

প্রথম পৃষ্ঠার পর

পরীক্ষার ফরম বিতরণ করা শুরু হবে।

চলতি শিক্ষবর্ষে অনেক আগে থেকেই ভর্তি পরীক্ষার ফরম বিতরণ করা হচ্ছে। অন্যান্য শিক্ষাবর্ষগুলোতে সাধারণতঃ পরীক্ষার রেজাল্ট বেরুবার মাসখানেক পরে ছাত্র-ছাত্রীদের মাঝে ভর্তি পরীক্ষার ফরম বিতরণ করা হতো।